উত্তরবঙ্গ, গৌড়বঙ্গ ও কোচবিহারে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুসারে লিখিত

বি.এ. ইতিহাসের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর (দ্বিতীয় বর্ষ)

অনার্স কোর্স

তৃতীয় ও চতুর্থ পত্র

কালীকৃষ্ণ সূত্রধর

বি.এ. ইতিহাস (অনার্স), এম.এ. (ইতিহাস)

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়,

বি.এড. নার্গাজুনা বিশ্ববিদ্যালয়

ভূমিকা

উত্তরবঙ্গ, গৌড়বঙ্গ ও ঠাকুর পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিষয়ের স্নাতক শ্রেণীর অনার্স কোর্সের দ্বিতীয় বর্ষের তৃতীয় ও চতুর্থ পত্রের তৃতীয় বিভাগের তথা সংক্ষিপ্ত প্রশ্নোত্তর সিলেবাস অনুযায়ী ***'বি.এ. ইতিহাসের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর (দ্বিতীয় বর্ষ)'*** লেখা হয়েছে। এই বইটি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অনার্স কোর্সের দ্বিতীয় বর্ষের বিগত বছরের প্রশ্ন পত্র ও সহায়ক গ্রন্থপঞ্জী দেওয়া হয়েছে যা ছাত্র-ছাত্রীদের কাজে লাগবে। এই বইটি অনার্স কোর্সের ছাত্র-ছাত্রীদের কাজে লাগবে আমার প্রচেষ্ঠা সফল হবে।

বিবেকানন্দ পল্লী,
ময়নাগুড়ি,
জলপাইগুড়ি

কালীকৃষ্ণ সূত্রধর

পৃষ্ঠা নং

বি.এ. দ্বিতীয় বর্ষ (অনার্স)

HISTORY OF INDIA, C.AD 1550 - 1750

তৃতীয় পত্র [THIRD PAPER]

PAPER - III
Category - 3

1. What do you mean by the term historigraphy?
2. Write a short note Bernier.
3. Write a short note on Tuzuk-i-Babari.
4. Evaluate Abul Fazal as a historian.
5. Write a note on Humayun Nama.
6. Why did Akbar introduce Mansabdari System?
7. Define the term Watan Jaigir.
8. What is Sulh-i-Kul?
9. Why did Akbar maintain a cordial relation with the Rajput?
10. Indicate the basic Features of Mughal Polity.
11. Who was called ZINDA PIR and why?
12. Write a note on the role of the village community during the Mughal Period.
13. Define the Todarmal's Zabti System.
14. Mention the different trade routes in Mughol India.
15. What do you mean by the term 'ESTADA-DA-INDIA'?
16. Mention the Principal cities in Mughal India.
17. How ware the cities administered during the time of the Mughols?
18. Write a note on the organization of the industrial production during the Mughol Period.
19. Write a note on the Imperial Karkhanas in the Mughol

Period.

20. What was the condition of the craftsman and the labours during the Mughol period?
21. What was the significant feature of Mughol Architecture?
22. What is Mughol economic crisis?
23. What is Jaigirdari Crisis?
24. Write a short note on Julfiquar Khan.
25. Write a short note on Nadir Shah.
26. What is Malzamini System of Murshid Quli Khan?
27. What are the differences between Bargis and Shildar?
28. What do you mean by Ashta Pradhan?
29. What is 'Chauth' and 'Sardesh mukhi'?
30. Write a short note on Nanak.
31. Define the term Sufism.
32. Mention some important Bengali texts composed in the 17th century.
33. Mention some literary personalities who contributed in the Persian Literature during the Mughal Period.

---

1. What do you mean by the term historiography?

উত্তর : 'Historiography'-এর অভিধানিক অর্থ হল ইতিহাস লিখন পদ্ধতি কিন্তু শুধুমাত্র Historigraphy ইতিহাস লিখন পদ্ধতি নয় এর মধ্যে ইতিহাসের সামগ্রিক দর্শনও ধরা পড়ে। তার সঙ্গো থাকবে ইতিহাসের ধারা লিপিবদ্ধ করার কাজে ব্যবহৃত পদ্ধতি সমূহ সম্পর্কে আলোচনা। ঐতিহাসিককে সমস্ত ধরনের দলিল-দস্তাবেজ, সাহিত্য, প্রত্নতাত্ত্বিক উপাদান সবকিছুকে বিচার বিশ্লেষণ করে অত্যন্ত সাবধানী নিরপেক্ষভাবে ইতিহাস লিখতে হয়। তবে ঐতিহাসিক কখনো পূর্ণসত্যে পৌঁছাতে পারে না, তাঁকে অর্ধ সত্য নিয়ে সন্তুষ্ট থাকতে হয়।

2. Write a short note. Bernier.

উত্তর : মুঘল আমলের বিদেশী পর্যটকদের মধ্যে বার্ণিয়ের বিবরণ সব থেকে মূলবান। পেশায় চিকিৎসক ফ্রাঁসোয়া বার্ণিয়ে মুঘল সম্রাট শাহজাহানের আমলে ভারতে আসেন। তার রচিত ভ্রমনবৃত্তান্তটির নাম 'ভয়েজেস'। এই গ্রন্থে শাহজাহান পুত্রদের মধ্যে উত্তরাধিকার দ্বন্দ্ব, শাহজাহানের বন্দিদশা, মুঘল সামাজ্যের বিভিন্ন শহর ও জনজীবনের বিভিন্ন বিবরণ পাওয়া যায়। বার্ণিয়ে অসাধারণ পর্যবেক্ষণশক্তি দিয়ে সবকিছুকে বিচার করতেন। তাঁর অনুসন্ধানী দৃষ্টি রাজদরবার থেকে বাজারঘাট পর্যন্ত প্রসারিত ছিল। সকল শ্রেণীর লোকের জীবনযাত্রা তিনি বর্ণনা করেছেন। তিনি ভারতীয় দর্শন, সাহিত্য, সর্ব শিল্পকলার প্রতি আকৃষ্ট হয়েছিলেন। তিনি মুঘল আমলে সতীদাহ প্রথার উল্লেখ করেছেন। কিন্তু বার্ণিয়ের বর্ণনায় সীমাবদ্ধতা থাকা সত্বেও তাঁর বিবরণের গুরুত্ব অস্বীকার করা যায় না।

3. Write a short note on Tuzuk-i-Babari.

উত্তর : ভারতে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা বাবর কর্তৃক রচিত 'বাবর-নামা' বা 'তুজুক-ই-বাবরী' এক অমূল্যসম্পদ। সুমধুর ও চিত্তাকর্ষক তুর্কী ভাষায় রচিত এই গ্রন্থটি বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ আত্মজীবণীরূপে স্বীকৃত। তিনি ভারতবর্ষের সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও ভৌগোলিক বিবরণ বিশদভাবে দিয়েছেন। এতে শাসক, যোদ্ধা এবং সর্বোপরি মানুষরূপে বাবরের একটি সম্পূর্ণ পরিচয় পাওয়া যায়। গ্রন্থে বাবর তার চরিত্রের দুর্বলতা একটি বিচ্যুতিগুলি অকপটে স্বীকার করেছেন। দূর্ভাগ্যবশত বাবর তার আত্মজীবনীটি শেষ করে যেতে পারেননি। এই গ্রন্থটির কাজ শেষ করেন বাবর কন্যা গুলবদন বেগম। তবে এই অমূল্য গ্রন্থটি পরবর্তীকালে বিভিন্ন ভাষায় অনুদিত হয়। এই গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে ঐতিহাসিক লেনপুল বলেন যে, 'বাবরের প্রতিষ্টিত রাজবংশ বিলুপ্ত হয়েছে, কিন্তু তার লিখিত জীবন স্মৃতি আজও অমর ও অক্ষয় হয়ে আছে।'

4. Evalute Abul Fazal as a historian.

উত্তর : মোঘল ভারতের সবশ্রেষ্ট প্রতিভাবান ঐতিহাসিক ছিলেন আবুল ফজল। আবুল ফজলের রচিত উল্লেখযোগ্য গ্রন্থগুলি হল—'আকবর নামা' ও 'আইন-ই-আকবরী'। আবুল ফজলের ইতিহাস দর্শন ছিল ধর্ম নিরপেক্ষ ও যুক্তিবাদী। আবুল ফজলের ইতিহাস

দর্শনে গভীর-অগভীর সবকিছুর স্থান রয়েছে। তিনি বহুমাত্রিক ইতিহাস রচনার পদ্ধতির কথা বলেছেন। বিভিন্ন উৎস থেকে উপাদান সংগ্রহ করে বিশ্লেষণের মাধ্যমে সত্যতা যাচাই করে তিনি ইতিহাস লেখার পক্ষপাতী ছিলেন। তথ্য সংগ্রহের ক্ষেত্রে তিনি প্রত্যক্ষদর্শীর বিবরণকে প্রাধান্য দেন। মধ্যযুগের ধর্মনিরপেক্ষ যুক্তিবাদী ইতিহাস চর্চার তিনি হলেন প্রবর্তক। তিনি নতুন ইতিহাস দর্শনের প্রবর্তন করেছিলেন।

5. Write a note on Humayun Nana.

উত্তর : ১৫৫৩ খ্রিস্টাব্দে বাবর কন্যা গুলবদন বেগম ফার্সি ভাষায় **'হুমায়ুন-নামা'** গ্রন্থটি রচনা করেন। সম্রাট আকবরের ইচ্ছায় গুলবদন বেগম তার পিতা বাবর ও ভ্রাতা হুমায়ুনের কাহিনী লেখেন। গ্রন্থে বাবর সম্পর্কে তার লেখা খুবই সংক্ষিপ্ত। তবে হুমায়ুনের সমগ্র জীবনই এই গ্রন্থে স্থান পেয়েছে। হুমায়ুনের জয়-পরাজয় ও দুঃখ বরনের সব কাহিনীই তিনি লিপিবদ্ধ করেন। হুমায়ুনের সঙ্গে তাঁর ভাই কামরানের বৈরিতার দীর্ঘ কাহিনীও গ্রন্থে লিপিবদ্ধ আছে। হুমায়ুনের সমকালীন সমাজজীবনের চিত্রও **'হুমায়ুন-নামা'** গ্রন্থে পাওয়া যায়।

6. Why did Akbar introduce Mansabdari system?

উত্তর : মোঘল শাসন ব্যবস্থার সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য ছিল আকবর কর্তৃক 'মনসবদারি' ব্যবস্থার প্রবর্তন। আকবর সর্বপ্রথম জায়গীর দারি প্রথা দূর করে সামরিক বিভাগকে শক্তিশালী করার উদ্দেশ্যে মনসবদারি প্রথার প্রবর্তন করেন। আকবরের পূর্বে রাজকর্মচারীদের নগদ মাইনের পরিবর্তে জায়গীর প্রদান করা হত। ওমরাহরা সাম্রাজ্যের প্রয়োজনে অশ্বারোহী সৈন্য প্রদান করে সম্রাটকে সাহায্য করতে বাধ্য থাকতেন। কিন্তু কার্যত জায়গীর ব্যবস্থার ত্রুটি ছিল। **প্রথমত,** জায়গীরদাররা অপদার্থ সৈন্য প্রেরণ করত। এমনকি সৈন্য ধার করে দেখাত। তাতে সামরিক শক্তি দুর্বল হয়ে পড়ত। **দ্বিতীয়ত,** তারা অনেক সময় পরাক্রান্ত হয়ে স্বাধীনতা লাভের চেষ্টা করত। উপরন্তু সম্রাটের অর্থনৈতিক দিক দুর্বল হয়ে পড়ত। আকব্বর প্রধানত সামরিক বিভাগকে সুশৃঙ্খল করার জন্য জায়গীরদারি প্রথা তুলে দিয়ে নগদ মাইনে দিয়ে **'মনসবদারি প্রথা'** প্রবর্তন করেন।

7. Define the term Watan Jaigir.

উত্তর : মোঘল আমলে মনসবদারগণকে জায়গীরের মাধ্যমে বেতন দেওয়া হত। এই জায়গীরের দুটি ভাগ ছিল—তনখা জায়গীর ও ওয়াতন জায়গীর। 'ওয়াতন জায়গীর' ছিল আসলে হিন্দু সামন্ত রাজ্যের রাজা, যারা আকবরের আমল থেকে মোঘলদের বশ্যতা স্বীকার করেন। 'ওয়াতন' কথাটির আক্ষরিক অর্থ হল 'বাস্তুভিটা'। হিন্দু রাজ্যগুলির শাসকরা তাদের রাজ্যর রাজত্বের পরিমাণ নির্ধারন করতেন। তবে মোঘল রাজস্ব ব্যবস্থার 'জমা' ও তদনুযায়ী জায়গীর বিবরণের সঙ্গে এই 'ওয়াতন জায়গীরে'র বিশেষ কোনো সম্পর্ক ছিল না। কারণ সাধারণত এগুলিকে স্বয়ংশাসিত বলে স্বীকার করে নেওয়া হত এবং জমিদার বা রাজরাই-এর রাজত্ব নির্ধারণ করতেন। এইসব সুবিধার জন্য মোঘল আমলের শেষ দিকে বহু জায়গীরদারই তাদের 'তনখা জায়গীর'-কে 'ওয়াতন জায়গীর' রূপান্তরিত করতে সচেষ্ট হয়েছিলেন।

8. What is Sulh-i-Kul?

উত্তর : মোঘল সম্রাট আকবরের ধর্মনীতির মূল কথা ছিল সুল-ই-কুল' বা 'সর্বজনীন শন্তি ও সহিষ্ণুতা'। আকবরের শিক্ষক মির আবদুল লতিফ তার হৃদয়ে ধর্মীয় উদারতার বীজ বপন করেন। 'সুল-ই-কুল' কথার অর্থ হল সকল ধর্মের প্রতি সমভাব, শ্রদ্ধা এবং ধর্মসহিষ্ণুতা। বিভিন্ন ইসলামীয় সম্প্রদায়ের মধ্যে তীব্র বিভেদ এবং হিন্দু ও অন্যান্য ধর্মের সঙ্গে ইসলামের বিভেদ আকবরকে চিন্তান্বিত করে তোলে। তাই এই ধর্মীয় দ্বন্দ্ব দূর করার উদ্দেশ্যে সকল ধর্মের মূল নীতি নিয়ে তিনি 'দীন-ই-ইলাহী' নামক নতুন ধর্মমত প্রবর্তন করেন, যা আকবরকে ভারতের ইতিহাসে এক মহান জাতীয় সম্রাটের মর্যাদায় ভূষিত করেছে।

9. Why did Akbar maintain a cordiat relation with the Rajput?

উত্তর : মোঘল সম্রাট আকবরের রাজপুত নীতি হল তার কূটনৈতিক জ্ঞানের পরিচয়, আকবরের উদার রাজপুত নীতি গ্রহণের পেছনে বেশ কিছু কারণ ছিল। প্রথমত, আকবর চেয়েছিলেন হিন্দু-মুসলিম নির্বিশেষে সকল জনসাধারণের স্বীকৃত শাসক হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করতে। এই উদ্দেশ্য সামনে রেখে আকবর রাজপুতদের সাথে মিত্রতার সম্পর্ক করতে চেয়েছিলেন। তিনি উপলব্ধি করেছিলেন যে, মোঘল সাম্রাজ্যের ভিত্তি সুদৃঢ় করতে হলে রাজপুতদের সমর্থন ও সহযোগিতা একান্ত প্রয়োজন। সামরিক শৌর্য ও প্রতিভার দিক থেকে রাজপুতরা ছিল শ্রেষ্ঠ জাতি। এছাড়াও আকবরের অভিজাত সম্প্রদায়ের প্রতি পূর্ণ আস্থা ছিল না। তাই অভিজাতদের ক্ষমতা খর্ব করার উদ্দেশ্যেই আকবর রাজপুতদের সাথে মিত্রতা স্থাপন করেছিলেন।

10. Indicate the basic feature of Mughal Polity.

উত্তর : মোঘল প্রশাসন ছিল ভারতীয় ও বহির্ভারতীয় উপাদানের সংমিশ্রণে গঠিত। ঐতিহাসিক যদুনাথ সরকারের মতে, ভারতীয় কাঠামোতে আরব ও পারস্য দেশের ব্যবস্থা পরিলক্ষিত হয়। মুখ্যত এটি ছিল সামরিক ধাঁচের প্রশাসন কারণ, সমস্ত বেসামরিক কর্মচারি ছিলেন মনসবদার বা সামরিক বাহিনীর সদস্য। এটি ছিল কেন্দ্রীভূত স্বৈর শাসন এবং সম্রাটের ক্ষমতা ছিল সীমাহীন। মোঘল প্রশাসন ছিল ধর্মনিরপেক্ষ, কল্যাণকর রাষ্ট্র, সার্বভৌমত্ব। মোঘল প্রশাসনে উন্নত বিচার বিভাগ ছিল। মোঘল শাসন ব্যবস্থার প্রধান বৈশিষ্ট্য ছিল সামরিক শাসন ব্যবস্থা। দ্বিতীয় বৈশিষ্ট্য ছিল ধর্মের প্রভাব থেকে মুক্ত শাসনব্যবস্থা গড়ে তোলার প্রয়াস। তৃতীয় বৈশিষ্ট্য ছিল মোঘল বাদশাহরা কেউই তাঁদের সাম্রাজ্যকে বৃহত্তর ইসলামিক সাম্রাজ্যের একটি অংশ বা নিজেদের খলিফার অনুগত শাসক হিসেবে গণ্য করেনি। মোঘল সাম্রাজ্য ছিল সার্বভৌম।

11. Who was called ZINDA PIR and why?

উত্তর : মোঘল সম্রাট ঔরঙ্গজেব একজন নিষ্ঠাবান সুন্নি মুসলমান ছিলেন। তিনি কোরাণ-এর বিধান অনুসারে অতি সংযমী ও অনাড়ম্বর জীবনযাপন করতেন। তার একমাত্র লক্ষ্য ছিল **'দার-উল-হারর'**-কে **'দাড়-উল-ইসলাম'**-এ পরিণত করা। তিনি কোরান নির্দেশিত একটি রাষ্ট্র স্থাপন করতে চেয়েছিলেন। ইসলামের প্রতি ছিল তার অগাধ বিশ্বাস। তিনি মনে করতেন, ইসলাম ছিল সমস্ত সত্যের আধার, অন্যান্য সব ধর্ম ভ্রান্ত। তাঁর অনাড়ম্বর জীবনযাত্রা ও ধর্মের প্রতি নিষ্ঠা দেখে সমকালীন সুন্নি মুসলিমরা তাঁকে **'বিন্দাপীর'** বা **'জীবন্ত সাধু'** বলে অভিহিত করেছেন।

12. Define Todarmal's ZABT System.

উত্তর : আকবরের রাজস্ব বিভাগের প্রধান টোডরমল ১৫৮২ খ্রিস্টাব্দে **'জাবৎ বা জবতি'** নামক এক নতুন রাজস্ব ব্যবস্থা প্রবর্তন করেন। এই রাজস্ব ব্যবস্থা অনুসারে জমির গুণাগুণ বা উর্বরতা শক্তির ভিত্তিতে জমিগুলিকে চার ভাগে বিভক্ত করা হয় ; **যথা**—'পোলাজ', 'পরৌটি', 'চাচর' ও 'বানজার'। প্রতি বছর কর্ষনযোগ্য জমিকে 'পোলাজ', কিছুদিন অন্তর অন্তর কর্ষণযোগ্য জমিকে 'পরৌটি', তিন থেকে চার বছর অন্তর অন্তর কর্ষণজমিকে 'চাচর' এবং পাঁচ বছর কিংবা আরো অধিক সময় কর্ষণযোগ্য জমিকে 'বানজার' বলা হয়। প্রথম তিন শ্রেণির জমিকে আবার উর্বরতা অনুসারে উৎকৃষ্ট, মাঝারি ও নিকৃষ্ট এই তিন ভাগে ভাগ করে এগুলির অতীত দশ বছরের উৎপাদনের গড়কে বার্ষিক উৎপাদন ধরা হয় এবং গড় উৎপাদনের এক-তৃতীয়াংশ রাজস্ব হিসেবে স্থির করা হয়। এটিই **'টোডরমলের জাবতি ব্যবস্থা'** নামে পরিচিত।

13. Write a note on the role of the village community during the mughol period.

উত্তর : মোঘল যুগে গ্রামীণ সম্প্রদায় বলতে গ্রামে বসবাসকারী সাধারণ কৃষক সম্প্রদায়কে বোঝানো হয়। গ্রামীণ সম্প্রদায় গ্রামে কোনো জমির মালিক ছিল না এগুলি ছিল বিভিন্ন ব্যক্তির হাতে যারা ভূমি-রাজস্ব আলাদা হারে দিত। অনেক সময়ে অবশ্য কৃষকরা সমষ্টিগতভাবে ভূমি-রাজস্ব দিত। গ্রামে জাতপাতের বিভেদ ছিল। মোঘল যুগে গ্রামের বেশির ভাগ জমিগুলি গ্রামের মোড়লের অধীনে থাকত। সাধারণ কৃষকদের অধীনে ছোটো ছোটো জমি ছিল। গ্রামের বড়ো চাষীরা কম হারে খাজনা দিত। গ্রামীণ সংস্থার মধ্যে নানারকম দ্বন্দ্ব কাজ করছিল। প্রায় সব জায়গাতেই খাজনাই ছিল দ্বন্দ্বের মূল কারণ, অনেকে গ্রামীণ পঞ্চায়েতকে প্রাচীন গণতান্ত্রিক সংস্থা বলে মনে করেন। গ্রামের মধ্যবর্তী কৃষক অধিবাসীরা গ্রামীণ পঞ্চায়েতকে নিয়ন্ত্রণ করত।

14. Mention the different trade routes in Mughol India.

উত্তর : মোঘল যুগে ভারতের বেশিরভাগ বাণিজ্য স্থলপথে হত। স্থলপথে বাণিজ্য করার জন্য ভারতের বিভিন্ন বাণিজ্যিক পথ ছিল। এ সকল বাণিজ্যিক পথগুলি হল—(১) লাহোর থেকে সিন্ধু-গুজরাট, (২) আগ্রা থেকে দিল্লি কার্নাল-লাহোর, (৩) আগ্রা থেকে মালব-বুরহানপুর, (৪) আগ্রা থেকে বারানসী-এলাহাবাদ-পাটনা, (৫) বারাণসী থেকে জৌণপুর-সাসারাম, (৬) পাটনা থেকে বাংলা, (৭) বাংলা থেকে ওড়িশা। দক্ষিণ ভারতের বাণিজ্যিক পথগুলি ছিল—(১) সুরাট থেকে মুসলিপ্টম, (২) বুরহানপুর থেকে সুরাট ও ভারুচ, (৩) সুরাট থেকে হায়দ্রাবাদ, (৪) হায়দ্রাবাদ থেকে মাদ্রাজ উপকূল এবং (৫) মাদ্রাজ থেকে বিজয়ওয়াদা।

15. What do you mean by term 'ESTADA-DA-INDIA'?

উত্তর : পঞ্চদশ শতকের শেষদিকে পর্তুগীজরা ভারতে এসে সামুদ্রিত বাণিজ্য প্রসারের জন্য গোয়াকে কেন্দ্র করে যে নৌ-সাম্রাজ্য স্থাপন করেন তা **'ESTADA-DA-INDIA'** নামে পরিচিত। দূরবর্তী এক কেন্দ্র থেকে শুধুমাত্র একটি বাণিজ্য পণ্যের ওপর নয়, সমগ্র সমুদ্র বাণিজ্যের ওপর একচেটিয়া নিয়ন্ত্রণ স্থাপনের প্রয়াস চালানো হয়েছিল। এর ফলে ভারতীয় বণিকদের ভারত সাগরের বাণিজ্য বিপন্ন হয়। এই বাণিজ্যের প্রকৃত লক্ষ্য ছিল প্রাচ্যের গোল মরিচ ও অন্যান্য মশলার ওপর একচেটিয়া আধিপত্য বিস্তার করা। প্রায় একশো বছর ধরে পর্তুগীজরা এই আধিপত্য বজায় রেখেছিল। পর্তুগীজদের সামরিক শক্তির ওপর নির্ভরশীল এই বাণিজ্য সপ্তদশ শতকে ভেঙ্গো পড়ে।

16. Mention the principal cities in mughol India.

উত্তর : লাহোর, দিল্লি, আগ্রা, আজমীর, এলাহাবাদ, বারাণসী, আহমেদাবাদ, সুরাট, পাটনা, রাজমহল, বর্ধমান, হুগলী, ঢাকা, চট্টগ্রাম প্রভৃতি ছিল মোঘল যুগের প্রসিদ্ধ শহর।

17. How were the cities administered during the time of the Mughols?

উত্তর : মোঘল যুগে ভারতের শহরগুলির জন্য পৌরশাসনব্যবস্থা ছিল না। মোঘল শাহ যুগে শহর স্বনিয়ন্ত্রিত ছিল। শহরগুলি যৌথভাবে নিজেদের কাজকর্ম নিয়ন্ত্রণ করত না, শহরগুলি ছিল বিভিন্ন মহল্লায় ভাগ করা। এই মহল্লাগুলি ছিল নিজেদের পঞ্চায়েতের অধীন, মহল্লায় কোনো সন্ত, অভিজাত বা জাতিপ্রধান মহল্লার প্রধান হিসেবে কাজ করতেন। শহরগুলির প্রশাসনিক দায়িত্ব ছিল কোতোয়ালের ওপর। কোতোয়াল তার অধীনস্থ মহলদারদের নিয়ে শহরের নাগরিক জীবন ও সম্পত্তি রক্ষা করত। শহরগুলিতে কাজি ও মুহতাসিবরা ছিলেন। কাজিদের কাজ ছিল ইসলামী শরিয়া অনুযায়ী শাসন হচ্ছে কিনা তা দেখা, মুহতাসিব ছিল বাজারের পরিদর্শক এবং নৈতিকতার রক্ষক।

18. Write a note on the organization of the industrial produce durine the mughol period.

উত্তর : মোঘল যুগের শিল্প উৎপাদন সংগঠনগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। মোঘল রাষ্ট্র শিল্পোৎপাদনের জন্য নিজস্ব কারখানা নির্মাণ করত। সম্রাট আকবরের শাসনকালে আগ্রা, ফতেপুরসিক্রি, আহমেদাবাদ ও লাহোরে এই ধরনের কারখানা ছিল।

শাহজাহান ও ঔরঙ্গজেবের আমলে দিল্লি, বুরহানপুর ও ঔরঙ্গাবাদে কারখানা নির্মাণ করা হয়। অনেক ধনী তাঁত শিল্পী ও কারুশিল্পীদের নিজস্ব কারখানা থাকত। কাঁচামালের উৎস অঞ্চলে বিশেষ একটি শিল্প গড়ে ওঠায় শিল্পের স্থানীয়করণ ঘটে। শহর ও বন্দরের মতো কেন্দ্রে শিল্পী ও করিগরদের সমাবেশ ঘটত। ভারতীয় শিল্প-বাণিজ্যে বিদেশী বণিকদের যোগদান মোঘলযুগে আরও বৃদ্ধি পায়। ইংরেজ ও ওলন্দাজ বণিকগণ পাট-এর ও কাশিমবাজারে রেশম কারখানা নির্মাণ করে।

19. Write a note on the Imperial Karkhanas in the Mughol Period.

উত্তর : মোঘল আমলে বহু রাজকীয় কারখানা নির্মিত হয়েছিল। রাজকীয় কারখানায় অস্ত্রশস্ত্র, সামরিক সরঞ্জাম, শিবিরের তাবু, ঘোড়া ও হাতির সরঞ্জাম তৈরি হত। রাজকীয় কারখানাগুলিতে বাদশাহের পরিবারবর্গ ও দরবারের জন্য বহু প্রকার হস্তশিল্পের জিনিস তৈরি করা হত। অভিজাতদের প্রয়োজনও এই কারখানা থেকে মেটানো হত। রাজকীয় কারখানায় বিভিন্ন ধরনের কারিগররা উৎপাদনের কাজে নিযুক্ত ছিল। স্বর্ণকার, সূচিশিল্পী, চিত্রকর, রঙের মিস্ত্রি, লাক্ষা শিল্পী, মিস্ত্রি, দরজি, চামার, বর্ম প্রস্তুতকারকদের উল্লেখ পাওয়া যায়।

20. What was the condition of the craftsman and labours during the Mughol Period.

উত্তর : মোঘলযুগে শিল্পী ও কারিগরদের অবস্থা মোটেই ভালো ছিল না। রাষ্ট্রীয় ও সম্ভ্রান্ত ব্যক্তিদের আনুকূল্য সব শিল্পী ও কারিগরদের কপালে জুটত না। বার্ণিয়ের মতে, ষোড়শ ও সপ্তদশ শতাব্দী থেকেই তাদের আর্থিক দুর্গতি বৃদ্ধি পেতে থাকে। কারিগরদের মজুরি ছিল খুব কম। তারা প্রশাসনিক নিপীড়নের শিকার হত। নিজের কোনো পুঁজি না থাকায় দৈনন্দিন ব্যয় বা যে-কোনো সংকটের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য তারা ব্যবসায়ী ও দালালদের ওপর সম্পূর্ণ নির্ভর করত। আচার্য-যদুনাথ সরকারের মতে, শ্রমশিল্পীদের অবস্থা মোটেই সন্তোষজনক ছিল না এবং কিছুলোকের ঐশ্বর্য দেখে দেশের আর্থিক অবস্থার প্রকৃত চিত্র বোঝার উপায় ছিল না।

21. What was the significent features of Mughol architecture?

উত্তর : মোঘল স্থাপত্যকলার প্রকৃতি প্রসঙ্গে শিল্প সমালোচকরা এক মত নন। গুসন মনে করেন, মোঘল স্থাপত্য পারসিক স্থাপত্য ভাবনার দ্বারা প্রভাবিত। মোঘল সৌধ নির্মাণের ক্ষেত্রে গম্বুজ ও থামের কাজ প্রভৃতির মধ্যে তিনি পারসিক প্রভাব লক্ষ্য করেছেন। অন্যদিকে ঐতিহাসিক হ্যাভেলের মতে, ভারতবর্ষ চিরকালই বহিরাগত ভাবধারার সঙ্গে নিজ ভাবধারার সমন্বয় ঘটাতে অভ্যস্ত। মোঘল স্থাপত্যের শিকড় ভারতীয় ধারাতেই গাঁথা ছিল। ঐতিহাসিক জন মার্শালের মতে, ভারতীয় স্থাপত্যের কোনো বিশেষ ধরনের রীতি ছিল না। ভারতের মতো বিশাল দেশে সর্বত্র একই ধরনের স্থাপত্যরীতির প্রচলন সম্ভব নয়। আকবরের পর থেকে পারসিক প্রভাব বিলুপ্ত হয় এবং মোঘল স্থাপত্য সম্পূর্ণভাবে ভারতীয় শৈলীর রূপ নেয়।

22. What is Mughol economic crisis?

উত্তর : মোঘল সাম্রাজ্যের পতনের অন্যতম গুরুত্বপূর্ণ কারণ ছিল—অর্থনৈতিক সংকট। মোঘল সম্রাট শাহজাহানের আমলে এই অর্থনৈতিক সংকট সর্বপ্রথম প্রকটিত হয়। সম্রাট ঔরঙ্গাজেবের আমলে তা প্রকটিত হয়। শাহজাহনের আমলে আড়ম্বর ও বিলাশপ্রিয়তার দরুণ রাজকোষ শূন্য হয়ে যায়। ঔরঙ্গাজেবের আমলে নিরন্তন যুদ্ধবিগ্রহ ও প্রজা বিদ্রোহের ফলে রাজকোষের বহু অর্থ ব্যয় হয় এবং জায়গীরদারি ব্যবস্থার সংকট দেখা যায়। কৃষিকার্য, শিল্প ও বাণিজ্য যথেষ্ট ক্ষতিগ্রস্থ হয়। আর্থিক সংকট মেটাবার জন্য সম্রাট জাহান্দার শাহের সময় খালিসা জমি পর্যন্ত ইজারা দেওয়া হয়। এইভাবে অর্থনৈতিক সংকট মোকাবিলায় ব্যর্থ হওয়ায় মোঘল সাম্রাজ্যের পতন সুনিশ্চিত হয়।

23. What is Jaigideri crisis?

উত্তর : মোঘল সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ হল জায়গিরদারী সংকট। ডক্টর সতীশ চন্দ্রের মতে, মোঘল সাম্রাজ্যের পতনে জায়গিরদারী সংকটের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। ঔরঙ্গাজেবের রাজত্বের শেষদিকে জায়গিরদারী ব্যবস্থা প্রবল সংকটের সম্মুখীন হয়। ঔরঙ্গাজেবের রাজত্বকালে মনসবদারের সংখ্যা প্রচুর বৃদ্ধি পায়। কিন্তু জমির পরিমাণ বৃদ্ধি পায়নি। এই সময় মুদ্রার মূল্য হ্রাস পাওয়ায় মনসবদারদের জায়গীর থেকে প্রাপ্ত অর্থ দিয়ে জীবিকা নির্বাহ ও সৈন্যদল রক্ষা করা দুষ্কর হয়। ঐতিহাসিক ইরফান হাবিবের মতে, সম্রাটের ইচ্ছামতো জায়গীর বদলি হতেন। জায়গীর লাভের জন্য অভিজাতরা দরবারের দলাদলিতে জড়িয়ে পড়েন। মনসবদাররা জায়গীরের সংখ্যা বাড়ানোর জন্য হিন্দু অভিজাতদের বহিষ্কার করে সেখানে মুসলিম অভিজাতরা আত্মসাৎ করার নীতি নেয়। দক্ষিণের অভিজাতরাও উত্তরের জায়গীরদার লাভের চেষ্টায় মেতে ওঠে। এই জায়গীরদারী সংকট মোঘল সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ।

24. Write a short note on Julfiquar Khan.

উত্তর : মোঘল সম্রাট জাহান্দার শাহ-এর আমলে মোঘল প্রশাসনের ভার ছিল দক্ষ এবং উদ্যগী জুলফিকার খানের হাতে। জুলফিকার ছিলেন জাহান্দারের উজীর। জুলফিকার খান রাজপুত রাজা, মারাঠা সদার এবং হিন্দু প্রধানদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতেন। তাঁর উদ্দেশ্য ছিল মোঘল রাজদরবারে নিজের অবস্থানকে শক্তপোক্ত করা এবং সেই সঙ্গে সাম্রাজ্যকে রক্ষা করা। তিনি ঘৃণ্য জিজিয়া কর তুলে দেন। তিনি অম্বরের জয়সিংহকে 'মির্জারাজা সোয়াই' উপাধি প্রদান করে মালবের গর্ভনর হিসেবে নিযুক্ত করেন। জুলফিকার খান সাম্রাজ্যের আর্থিক অবস্থারও উন্নতি সাধনের চেষ্টা করেছিলেন। তিনি জায়গির ও তৎসংক্রান্ত কার্যালয় বৃদ্ধির বিষয়টি নিয়ন্ত্রণ করেন। সরকারিভাবে নির্দিষ্ট করে যত সংখ্যক সৈন্য মনসবদারদের রাখতে বলা হত, জুলফিকার সেই নির্দিষ্ট সংখ্যক সৈন্য রাখতে মনসবদারদের বাধ্য করেছিলেন।

25. Write a short note on Nadir Shah.

উত্তর : মোঘল সম্রাট ঔরঙ্গজেবের অযোগ্য বংশধরদের আমলে ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের প্রতিরক্ষা ব্যবস্থা ও সামরিক ব্যবস্থা দুর্বল হয়ে পড়ে। এই সুযোগে বিদেশী লুণ্ঠনকারীরা সর্বপ্রথম গ্রহণ করে। ভারতের ধনসম্পদের লোভে ১৭৩৯ খ্রিস্টাব্দে মোঘল সম্রাট মহম্মদ শাহের আমলে পারস্যের সম্রাট নাদির শাহ ভারত আক্রমণ করেন। নাদির শাহের পারসিক সেনাবাহিনী কাবুল ও পাঞ্জাব দখল করে দিল্লিতে এসে পৌঁছায়। নাদির শাহের সেনাবাহিনী দিল্লিবাসির ওপর অকথ্য অত্যাচার, হত্যাকান্ড, ধ্বংসলীলা ও লুণ্ঠনরাজ চালায়। নাদির শাহ প্রচুর ধনসম্পদ লুঠ করে ভারত ত্যাগ করেন। এই আক্রমণের ফলে মোঘল সাম্রাজ্যের অর্থনৈতিক বিপর্যয় দেখা দেয়। ফলে রাজনৈতিক ও প্রশাসনিক কাঠামো ভেঙে পড়ে। এর ফলে মোঘল সাম্রাজ্যের পতন ত্বরান্বিত হয়।

26. What is Malzamini system of Murshid Quli Khan?.

উত্তর : ১৭০০ খ্রিস্টাব্দে মুর্শিদকুলি খাঁ বাংলার দেওয়ান হিসাবে নিযুক্ত হন। সেই সময় বাংলার ভূমি-রাজস্ব ব্যবস্থা ভেঙে পড়ায় সরকারি আয় কম হচ্ছিল। এইরূপ পরিস্থিতিতে তিনি সরকারি আয় বৃদ্ধির উদ্দেশ্যে দ্বিবিধ কর্মসূচি গ্রহণ করেন। তিনি জায়গিরদারদের জমিগুলি বাজেয়াপ্ত করে সরকারের 'খাস' জমিতে পরিণত করেন এবং এই সব খাসজমিগুলি থেকে রাজস্ব আদায়ের অধিকার 'ইজারাদারদের' হাতে অর্পণ করেন। ইজারাদারদের নির্দিষ্ট সময়ে রাজস্ব প্রদানের অঙ্গীকার হিসেবে একটি 'চুক্তিপত্র' প্রদান করেন যা **'মালজামিনি ব্যবস্থা'** নামে পরিচিত। এই ব্যবস্থায় যে ব্যক্তি সর্বোচ্চ হারে রাজস্ব দিতে প্রতিশ্রুতিবদ্ধ হতেন, তাকেই **'ইজারাদার'** হিসেবে নিযুক্ত করা হত।

27. What are the defferences between Bargis and Shildar?

উত্তর : শিবাজী তার অশ্বারোহী বাহিনীর সৈনিকদের পদমর্যাদার ভিত্তিতে স্তর বিন্যাস করেন। তার অশ্বারোহী বাহিনীর দুটি শাখা ছিল—(১) বর্গী ও (২) শিলাদার। এই দুটি শাখার মধ্যে পার্থক্য লক্ষ্য করা যায়। বর্গীদের বেতন, অস্ত্রশস্ত্র সরবরাহের দায়িত্ব বহন করত রাষ্ট্র। আর শিলাদাররা নিজেদের অস্ত্রশস্ত্র ও ঘোড়া সংগ্রহ করে যুদ্ধে অংশগ্রহণ করত। শিলাদাররা ছিল বেসরকারি, তারা কেবলমাত্র যুদ্ধের সময় বেতন পেতেন। তারা ছিল অনিয়মিত বাহিনী। বর্গীরা সরকারের স্থায়ী এক বিভাগ ছিল।

28. What do you mean by Ashta Pradhan?

উত্তর : শিবাজীর শাসনব্যবস্থা ছিল স্বৈরতান্ত্রিক। প্রশাসনের চূড়ান্ত ক্ষমতার অধিকারী ছিলেন তিনি। কিন্তু বাস্তবক্ষেত্রে দেশের প্রশাসন পরিচালনার জন্য **'অষ্টপ্রধান'** বা আটজন মন্ত্রী নিয়ে একটি পরিষদ ছিল। এরা পরামর্শদাতার কাজ করতেন। এই আটজন মন্ত্রীরা হলেন---(১) 'পেশোয়া' বা প্রধানমন্ত্রী, (২) 'অমাত্য' বা অর্থমন্ত্রী, (৩) মন্ত্রী, (৪) 'সচিব' বা সরকারি চিঠি পত্রাদির দায়িত্বভার প্রাপ্ত আধিকারীক, (৫) 'সামন্ত' বা পররাষ্ট্রমন্ত্রী, (৬) 'সেনাপতি' বা সামরিক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, (৭) পন্ডিতরাও-রা ধর্মাধক্য এবং (৮) 'ন্যায়াধীশ' বা প্রধান বিচারপতি। ন্যায়াধীশ ও পন্ডিতরাও ছাড়া সকলেই নিজ নিজ বিভাগের দায়িত্ব ছাড়া সামরিক বিভাগের দায়িত্ব পালন করত। তবে নিজ নিজ বিভাগের কর্মচারি নিয়োগের ক্ষমতা কোনো মন্ত্রীরই ছিল না। একমাত্র রাজা নিয়োগের অধিকারী ছিলেন।

29. What is 'Chauth' & 'Sardesh Mukhi'?

উত্তর : পর্বত বেষ্টিত অনুর্বর জমি দ্বারা গঠিত মহারাষ্ট্র রাজ্যে ভূমি রাজস্ব থেকে সরকারি আয় পর্যাপ্ত হত না বলে শিবাজী প্রতিবেশী রাজ্য, মোঘল অঞ্চল ও বিজাপুর রাজ্য থেকে 'চৌথ' ও 'সরদেশমুখী' নামক দু-ধরনের কর আদায় করত। 'চৌথ' ছিল রাজস্বের এক-চতুর্থাংশ কিন্তু বাস্তব ক্ষেত্রে এটি ছিল সামরিক কর। 'সরদেশমুখী' ছিল রাজস্বের এক-দশমাংশ এবং শিবাজীর দাবি ছিল তিনি বংশানুক্রমিক সরদেশমুখী অর্থাৎ মহারাষ্ট্রের সুখ্য প্রধান। মোটকথা এই দুটি করের মাধ্যমে শিবাজী তার আয় বৃদ্ধি করতে সমর্থ হয়েছিলেন। ঐতিহাসিক যদুনাথ সরকারের মতে, যে অঞ্চল চৌথ প্রদান করত সেই অঞ্চলের জনগণ মারাঠা আক্রমণের হাত থেকে রেহাই পেত। ঐতিহাসিক রানাডের মতে, অন্য কোনো তৃতীয় শক্তির আক্রমণের হাত থেকে রক্ষা করার জন্য মারাঠারা প্রতিবেশী অঞ্চল থেকে এই কর আদায় করত। কিন্তু ঐতিহাসিক সারদেশাই-এর মতে, শত্রু বা বিজিত অঞ্চল থেকে এই কর আদায় করা হত। ঐতিহাসিক স্মিথ একে **'দস্যু কর'** বা **'Robber Tax'** বলে অভিহিত করেছেন।

30. Write a short note on Nanak.

উত্তর : শিখ ধর্মের প্রবর্তক নানক ছিলেন ভক্তিবাদী আন্দোলনের অন্যতম পুরোধা। নানক ছিলেন কঠোর একেশ্বরবাদী। তার মতে, জাতি-ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে যে কেউ প্রেম দিয়ে ঈশ্বরের নাম জপ করলে ও চিন্তা করলে মুক্তি লাভ করতে পারে। ঈশ্বরকে লাভ করবার প্রথম সোপান হিসেবে চরিত্রের পবিত্রতা ও আচরনের পবিত্রতার ওপর নানক বিশেষ গুরুত্ব দেন। তিনি মূর্তিপূজা, তীর্থযাত্রা ও বিভিন্ন ধর্মের বাহ্যিক আচার-অনুষ্ঠানকে তীব্র নিন্দা করেন। গুরুনানকের বাণীর সারতত্ত্ব হল তিনটি--- (১) সত্যস্বরূপ পরমেশ্বর, (২) ধর্মজীবনের নায়ক গুরু এবং (৩) মুক্তির জন্য ঈশ্বরের নাম কীর্তন। তিনি আধ্যাত্মিক জীবন ও গার্হস্থ্য জীবনের মধ্যে সমন্বয় সাধনের জন্য মধ্যপন্থা অবলম্বনের কথা বলেন।

31. Define the term Sufism.

উত্তর : মধ্যযুগীয় ভারতীয় পরিবেশে ইসলামের সর্বাপেক্ষা আকর্ষণীয় দিক ছিল সুফীবাদ। সুফীবাদের অর্থ নিঃস্বার্থ সম্মুখীন এবং সত্যের বাস্তবায়ন হয়। সুফীবাদের অনুশীলন সত্যের প্রতি প্রেম, যা ভক্তির মাধ্যমে উদ্দেশ্য হয়। **'সাফা'** বা **'পবিত্রতা'** থেকে সুফি কথাটি এসেছে। সুফিরা দেহ, মন ও আচরনের পবিত্রতার ওপর জোর দিতেন। তাঁরা বিশ্বাস করতেন যে, **"পবিত্র অন্তরের মধ্যেই ঈশ্বরের অধিষ্ঠান সম্ভব"**। প্রেম ও ভক্তিই

ঈশ্বর লাভের প্রধানতম উপায় এবং সর্বভূতে ঈশ্বরের সঙ্গে মিলন সম্ভব।

32. Mention some importent Bangali Texts composed in the 17th century.

উত্তর : সপ্তদশ শতকের বাংলা ভাষা ও সাহিত্যের সবচেয়ে বড়ো বিষয় ছিল চৈতন্যের জীবন ও সাধনা। বৃন্দাবন দাসের রচিত 'চৈতন্যভাগবত', কৃষ্ণ দাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' প্রভৃতি কাব্যে চৈতন্যদেবের জীবনী ও সমকালীন বাংলার সামাজিক চিত্র তুলে ধরা হয়েছে। নিত্যানন্দ দাসের 'প্রেম বিলাশ' এবং নরহরি চক্রবর্তীর 'ভক্তি রত্নাকর' গ্রন্থে বৈষ্ণব দর্শণ ও বৈষ্ণব সন্তদের জীবনীর বর্ণনা পাওয়া যায়। বিজয়গুপ্ত, বিপ্রদাস পিপলাই, নারায়ণ দাস ও কেতকদাম ক্ষেমানন্দ **'মনসামঙ্গল'** কাব্য লিখেছেন। মানিকরাম, রামদাস, সীতারাম ও ঘনরায় **'ধর্মমঙ্গল'** কাব্য লিখেছেন। কাশীরাম দাস **'মহাভারত'** লিখেছেন। এই সময় কবি আলউন রচিত **'পদ্মাবতী'** কাব্য, সবিব্‌দি খান রচিত **'বিদ্যাসুন্দর'** কাব্য, দৌলত কাজি রচিত **'লোরচন্দ্রানী'** ও **'সতীময়না'** কাব্য বাংলাভাষায় অমূল্য সম্পদ।

33. Mention some literary personalities who contributed in the Perssian literature during the Mughol Period.

উত্তর : মোঘল যুগের অন্যতম শ্রেষ্ঠ অবদান হল—ফার্সি ভাষা ও সাহিত্য। ফার্সি ছিল রাষ্ট্র ভাষা, মোঘল শাসকরা এই ভাষা ও সাহিত্যের উন্নতির পৃষ্ঠপোষকতা করেন। ফার্সী ভাষায় রচিত মোঘল যুগের অন্যতম গ্রন্থগুলি হল—হুমায়ুনের ভগ্নী গুলবদন বেগমের **'হুমায়ুন নামা'**, আকবরের আমলে আবুল ফজল রচিত **'আইন-ই-আকবরী'**, মুল্লা কাদির বদাউনি রচিত **'মুন্তাখাব-আল-তাওয়ারিখ'**, আবুল কাশিম ফিরিস্তা রচিত **'তারিখ-ই-ফিরিস্তা'** ও **'গুলিস্তান-ই-ইব্রাহিম'**, আকবর পুত্র জাহাঙ্গীর রচিত আত্মজীবনী **'তুজুক-ই-জাহাঙ্গিরি'**, মুতামাদ খান রচিত **'ইকবালনামা-ই-জাহাঙ্গিরি'**, শাহজাহানের আমলে আবু তালিব কালিম রচিত **'পাদশাহ-নামা'**, আবদুল হামিদ লাহরি রচিত **'পাদশাহ-নামা'**, ইনায়েৎ খাঁ রচিত **'শাহজাহান নামা'**, ঔরঙ্গজেবের আমলে মহম্মদ হাশিম কাফি খান রচিত **'মুন্তাখাব-আল-লুবাব'**, মহম্মদ কাজিম রচিত **'আলমগীর নামা'** প্রভৃতি।

বি. এ. দ্বিতীয় বর্ষ (অর্নাস)

HISTORY OF INDIA, C.AD 1550 - 1950

চতুর্থ পত্র [FOURTH PAPER]

D:/Book mart/2017/BA/1st Semister/History (2nd)/History -4/2nd Proof / 10

PAPER - IV

Category - 3

1. Do you consider the Black Hole Tragedy as a myth?
2. What was the impact of the battle of Plassey on Bengal's polity?
3. What was Dastak? How was it misused during the Nawabship of Mir Quasim?
4. Analyze the political and economic the implications of the Diwani.
5. Write a note on Haidar Ali's reflaction with the Marathas.
6. Give a brief accaint of the Maratha Economy.
7. Write a note on the treaty of Salbai.
8. What were the provisions of the treaty of Amritsar? How did it shatter the political dream of Ranjit Sing?
9. Define subsidiary alliance. Which state in India accepted it first?
10. Write a short note on the Doctrine of Lapse.
11. Write a brief note on the Treaty of Lahore (1896).
12. Do you think that Utilitarianism influenced the British administration in India? If so how?
13. Analyse the chief features of the Mohalwari settlement in U.P.
14. What, according to you, was the real motive behind the introduction of the permanent land mevenue settlement in Bengal?
15. What are differences in the basic characteristics of the permanent settlement and the Ryotwari Settlement?
16. What does the notion 'forced Commercialization mean'?

17. Write a brief note on 'Chuar Rebellion'.
18. Why and how were Pindaries suppressed?
19. What do you mean by the term "De-Industrialization"?
20. Why was Raja Rammohan Roy not opposed to the British Rule in India?
24. Examine the economic ideas of Raja Rammohan Roy.
25. What was Vidyasagar's role in the emancipation of Women?
26. Write a brief note on Parthana Samaj with special reference to its aims and objectives.
28. Write a note on the Theosophical Society in India.
29. In which year was the Muslim leaque formed? Analuze the aims and objectives of the Muslim Leaque.
31. What was the importance of the Lucknow Congress (1916) in Indian National movement?
32. What was Lahore consiparancy case? Analyze its Significance.
33. Write a short note on the 'Diarchy' of India act, 1919.
35. What was Rajaji formula?
36. What was Wavell Plan? Why did it fail?
37. Why was the Cripps Mission sent to India? Why did both the Congress and the Muslim leaque reject it?
38. Pandita Ramabai.
39. Begum Rokea.
40. Sister Nivedita.
42. Sarojini Naidu
43. Aruna Asaf Ali.

---

1. Do you consider the Black Hole Tragedy as a myth?

উত্তর : ১৭৫৬ খ্রিস্টাব্দে ১৬ই জুন বাংলার নবাব সিরাজদৌল্লা কর্তৃক উইলিয়াম দুর্গ দখলের প্রসঙ্গো কোম্পানির কর্মচারি ও লেখক হলওয়েল কর্তৃক বর্ণিত **'অন্ধকূপহত্যা'** কাহিনীটি প্রচারিত। হলওয়েলের বর্ণনা অনুযায়ী, নবাব কলকাতা জয়ের পর ফোর্ট উইলিয়াম দুর্গের অভ্যন্তরে ১৮ ফুট ও ১৪ ফুট ১০ ইঞ্চি আয়তনবিশিষ্ট একটি কক্ষে ১৪৬ জন ইংরেজ যুদ্ধবন্দীদের আটক করে রাখার ফলে ১২৩ জন বন্দী শ্বাসরূদ্ধ হয়ে মারা যায়। এই ঘটনা 'অন্ধকূপ হত্যা' কাহিনী নামে পরিচিত। তবে আধুনিক গবেষণকরা অন্ধকূপ হত্যা আদৌ হয়েছিল কিনা সে সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন। তবে ঘটনাটি সম্পূর্ণ মিথ্যা বলে মনে হয় না। ঐতিহাসিক যদুনাথ সরকারের মতে, সম্ভবত ৬০-৭০ জনকে বন্দী করে রাখা হয়েছিল। নোয়েলস বার্কারের মতে, অন্ধকূপ হত্যা কাহিনীটি সত্যি ঘটেছিল। মৃতের সংখ্যা ছিল অনেক কম এবং এর জন্য নবাব মোটেই দায়ী ছিলেন না। ইংরেজরা এই ঘটনার অপপ্রচার করে নবাবের ভাবমূর্তি বিনষ্ট করতে চেয়েছিলেন।

2. What was the impact of the battle of Plassey on Bangal polity?

উত্তর : পলাশীর যুদ্ধ ভারতের ইতিহাসে এক যুগান্তকারী ঘটনা। এই যুদ্ধে নবাবের পরাজয়ের ফলে বাংলাদেশে যে ব্রিটিশ সাম্রাজ্যের সূচনা হয়েছিল কালক্রমে তা সারা ভারতে পরিব্যপ্ত হয়। পলাশীর যুদ্ধের পর মীরজাফর নামে নবাব হলেও প্রকৃত ক্ষমতার অধিকারী হন ইংরেজ। এভাবে বাংলার রাজনীতিতে ইংরেজদের প্রভুত্ব স্থাপন এবং তাকে ভিত্তি করে সমগ্র ভারতে প্রাধান্য বিস্তার। এই হল পলাশীর যুদ্ধের মুখ্য ফল। এই যুদ্ধের ফলে কোম্পানির প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি পায়। পলাশীর যুদ্ধের পর ইংরেজ কোম্পানি ব্যবসা-বাণিজ্যের একচেটিয়া অধিকার লাভ করে প্রভূত রাজনৈতিক ক্ষমতার অধিকারী হন। ইংরেজদের স্বার্থ জড়িত থাকলে নবাবের প্রশাসন কোন্ পথে পরিচালিত হবে সে বিষয়ে ইংরেজদের মতামত নবাবের পক্ষে অমান্য করা অসম্ভব হয়ে পড়ে। নবাব নামে মাত্র বাংলার মসনদে বসে রইলেন, প্রকৃত ক্ষমতা ইংরেজদের হাতে চলে যায়।

3. What was Dustuk? How was it misused during the Nawabship of Mir Quasim?

উত্তর : ১৭১৭ মীর দিল্লী বাদশাহ ফারুকশিয়ারের কাছ থেকে ইংরেজরা বিনাশুল্কে বাণিজ্য করার যে ছাড়পত্র পান তা 'দস্তক' নামে পরিচিত। এই দস্তক অনুযায়ী (১) কোম্পানী বছরে তিন হাজার টাকা মুঘলদরবারে শুল্ক দিবে। (২) কোম্পানি বাংলার আন্তর্বানিজ্যে হাত দিবে না, যদি কোম্পানীর লোক আন্তবাণিজ্য করে তবে তাকে নিয়মিত শুল্ক দিতে হবে, (৩) কোম্পানী তার রপ্তানী বাণিজ্যের জন্য শুল্ক ছাড়পত্র দস্তক ভোগ করলেও কোম্পানী কর্মচারীরা তাদের ব্যক্তিগত বাণিজ্যে এই ছাড়পত্র ব্যবহার করবে না।

কিন্তু পলাশীর যুদ্ধের পরবর্তীকালে নবাব মীরকাশিমের আমলে কোম্পানীর কর্মচারী এবং তাদের অনুগৃহীত ভারতীয় বণিকরা ব্যক্তিগত বাণিজ্যের জন্য এই ছাড়পত্রের

অপব্যবহার শুরু করতে থাকে। এর ফলে নবাবের বিপুল পরিমাণ আর্থিক ক্ষতি হয়। তাছাড়া কোম্পানীর কর্মচারীরা নানাভাবে নজর আনা আদায় করত এবং দেশীয় বণিকদের ভয় দেখিয়ে কম দামে জিনিসপত্র বিক্রি করতে বাধ্য করত। এছাড়া কোম্পানীর কর্মচারীরা গ্রামে গঞ্জে ঢুকে পড়ে সুপারি, চাল, ঘি, মাছ, চিনি, বাঁশ প্রভৃতি দ্রব্যের ব্যবসা শুরু করে। এইভাবে নবাব মীরকাশিমের আমলে দস্তকের অপব্যবহার হচ্ছিল।

4. Analyze the Political and Economic the Implications of the Diwani.

উত্তর : ১৯৬৫ খ্রিস্টাব্দের ১৩ই আগস্ট মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলম বাংলা, বিহার উড়িয্যার দেওয়ানী ইস্ট ইন্ডিয়া কোম্পানীর হাতে তুলে দেয়। দেওয়ানী লাভ করার ফলে বাংলায় কোম্পানীর ক্ষমতা আইনগত ভিত্তির ওপর প্রতিষ্ঠিত হয়। ফলে নবাবের শাসনক্ষমতা বলে কিছুই থাকল না। এবারের সাময়িক ক্ষমতাও কোম্পানীর হাতে চলে যায়। ফলে তিনি কোম্পানীর নিযুক্ত নায়েব মহম্মদ রেজা খার হাতে যাবতীয় ক্ষমতা হস্তান্তর করতে বাধ্য হন। দেওয়ানী লাভের ফলে কোম্পানীর বাংলায় ইচ্ছামতো রাজস্ব আদায় করতে থাকে। ফলে কোম্পানীর আর্থিক সচ্ছলতা বৃদ্ধি পায়। কোম্পানীর কর্মচারীরা অবাদ শুল্কহীন বাণিজ্য দ্বারা বাংলার ধনসম্পদ লুঠ করতে থাকে।

5. Write a note onj Haider Ali's relation with the Marathas.

উত্তর : মহীশূরের হায়দার আলির সঙ্গো মারাঠাদের সম্পর্ক প্রথম থেকেই শত্রুতাপূর্ণ ছিল। এর প্রধান কারণ ছিল দক্ষিণ ভারতে ক্ষমতা ও অধিপত্য বিস্তারের ক্ষেত্রে এরা পরস্পরের অধিপত্য বিস্তারের ক্ষেত্রে এরা পরস্পরের প্রতিদ্বন্দ্বী ছিল। এই কারণে হায়দার আলিকে মারাঠাদের সাথে তিন তিনবার যুদ্ধে লিপ্ত হতে হয়েছিল। কিন্তু প্রতিবারই যুদ্ধে হায়দার আলি পরাজিত হয়েছিল। ১৭৬১ খ্রীষ্টাব্দে তৃতীয় পাণিপথের যুদ্ধের পর মারাঠাদের দুর্বলতার সুযোগে তিনি ক্ষমতা বিস্তারের প্রচেষ্টায় লিপ্ত হলে পেশবা মাধবরাও -এর সঙ্গো তাঁর যুদ্ধ শুরু হয়। দুই বারই মাধব রাও এর কাছে পরাজিত হওয়া সত্বেও মাধব রাও এর পিতৃব্য রঘুনাথ রাওকে গৃহযুদ্ধে প্ররোচিত করেন। এমনকি, তিনি প্রথম ইঙ্গা-মহীশূরের যুদ্ধের অবসানে ১৭৬৯ সালে ইংরেজদের সাথে তার যে চুক্তি হয়েছিল, সেই চুক্তিতে মারাঠাদের বিরুদ্ধে ইংরেজদের সাহায্য আদায় করে নেন। পরবর্তীতে মারাঠাদের দ্বারা তার রাজ্য আক্রান্ত হলে ইংরেজরা তার পাশে এসে না দাড়ালে তিনি ইংরেজদের বিরুদ্ধে মারাঠাদের সঙ্গো হাত মিলিয়ে নেন। বস্তুত, হায়দার আলি মারাঠা কিংবা ইংরেজ কোনো শক্তির বিরুদ্ধেই এঁটে উঠতে পারেননি।

6. Give a brief account of the Maratha economy.

উত্তর : মারাঠা অর্থনীতি ভিত্তি ছিল খুবই দুর্বল। পর্বতময়, পাথর মাটির দেশ মহারাষ্ট্রের জমি ছিল অনুর্বর। এজন্য কৃষি ব্যবস্থা উন্নত ছিল না। যার ফলে কৃষি থেকে পর্যাপ্ত আয় হত না। তাছাড়া সমৃদ্ধ শিল্প বা বাণিজ্যের তেমন সুযোগ ছিল না। এর ফলে প্রতিবেশী রাজ্য, মুঘল অঞ্চল ও বিজাপুর রাজ্য থেকে বলপূর্বক 'চৌথ' ও 'সরদেশমুখী' আদায় করে তারা তাদের আর্থিক ঘাটতি পূরণ করত। 'চৌথ' ছিল রাজস্বের এক-চতুর্থাংশ কিন্তু বাস্তব ক্ষেত্রে এটি ছিল সাময়িক কর। 'সরদেশমুখী' ছিল রাজস্বের এক-দশমাংশ এবং শিবাজীর দাবি ছিল তিনি বংশাণুক্রমিক সরদেশমুখী অর্থাৎ মহারাষ্ট্রের মুখ্য প্রধান। মোট কথা, এই দুটি করের মাধ্যমে শিবাজী তার আয় বৃদ্ধি করতে সক্ষম হয়েছিল।

7. Write a note on the treaty of Salbai.

উত্তর : প্রথম ইঈ-মারাঠা যুদ্ধ চলাকালীন ১৭৭৯ খ্রীষ্টাব্দে ইংরেজরা ওয়াড়গাঁও এর যুদ্ধে পরাজিত হয়ে অপমানজনক 'ওয়াড়গাঁও সন্ধি' স্বাক্ষর করতে বাধ্য হলেন। কিন্তু গর্ভনর জেনারেল ওয়ারেন হেস্টিংস এই চুক্তি মেনে নিতে অস্বীকৃত হয়ে যুদ্ধ চালিয়ে যান, কিন্তু কোম্পানী এই সময়ে একই সঙ্গো মহশূর ও মারাঠাদের সঙ্গো যুদ্ধে জড়িয়ে পড়ায় আর্থিক সংকটের সম্মুক্ষীন হচ্ছিল, সেইজন্য ওয়ারেন হেস্টিংস মারাঠাদের সঙ্গো বোঝাপড়ায় আসতে সাব্যস্ত হন। ১৭৮২ খ্রষ্টাব্দে মহাদজী সিন্ধিয়ার মধ্যস্থতায় সলবাই-এর সন্ধি স্বাক্ষর করে প্রথম ইঙ্গা-মারাঠা যুদ্ধের অবসান ঘটান। এইসন্ধি অনুসারে, ইংরেজরা-রঘুনাথ রাও-এর পক্ষ ত্যাগ করে এবং নারায়ণের পুত্র মাধবরাও নারায়ণকে পেশোয়া হিসাবে মেনে নেন, রঘুনাথ রাওয়ের জন্য পেনসনের ব্যবস্থা করা হয়। সিন্ধিয়া যমুনা তীরবর্তী সমস্ত অঞ্চল ফিরে পান। সলসেট ইংরেজরা লাভ করে এবং ব্রোচের রাজস্ব ইংরেজরা ভোগ দখল করবে বলে স্থির হয়।

8. What were the provisions of the treaty of Amritsar? How did it shatter the political dream of Ranjit Sing?

উত্তর : ১৮০৯ খ্রীষ্টাব্দে রঞ্জিৎ সিংহ ও ইংরেজদের মধ্যে 'অমৃতসরের সন্ধি' স্বাক্ষরিত হয় এই সন্ধির শর্তানুসারে, রঞ্জিৎ সিংহ শতদ্রু নদীর পূর্ব তীরস্থ অঞ্চলগুলি থেকে তার দাবি প্রত্যাহার করে নেয় এবং ইংরেজদের আধিপত্য স্থাপিত হয়। রঞ্জিৎ সিংহ শতদ্রু নদীর পশ্চিম তীরস্থ রাজ্যগুলি অধিকার করতে পারবেন।

এই চুক্তির ফলে রঞ্জিৎ সিংহের অমিল শিখ রাজ্য স্থাপনের স্বপ্ন চিরতরে ধূলিসাৎ হয়ে যায় এবং তিনি ইংরেজদের নিয়ন্ত্রণাধীন হয়ে পড়েন। ডঃ নরেন্দ্র কৃষ্ণ সিনহার মতে, এই চুক্তি রঞ্জিৎ সিংহের কূটনৈতিক ও সামরিক পরাজয়ের নিদর্শন বহন করে। তিনি এই চুক্তিকে 'শিখ-সামরিক-জাতীয়তাবাদের বিয়োগান্ত ঘটনা' বলে অভিহিত করেছেন।

9. Define subsidiary alliance. Which state in India accepted it first?

উত্তর : ঘোরতর সাম্রাজ্যবাদী শাসক লর্ড ওয়েলেসলি 'অধীনতামূলক মিত্রতা' নীতি প্রবর্তন করেছিলেন। এই নীতির মাধ্যমে কোম্পানী দুটি শর্তে দেশীয় রাজ্যগুলিকে মিত্রতাপদেশে আবদ্ধ করতে চেয়েছিলেন। এই নীতি অনুযায়ী, (১) যে সমস্ত দেশীয় রাজ্য কোম্পানীর সাহায্য চাইবে তাদেরই ব্যয়ে কোম্পানীর একদল সৈন্য তাদের রাজ্যের একাংশ

ছেড়ে দিতে হবে, (২) তাদের রাজ্যের প্রধান কেন্দ্রে একজন ইংরেজ রেসিডেন্ট থাকবেন, (৩) কোম্পানীর অনুমতি বা অনুমোদন ব্যতীত অপর কোনো রাজ্যের সঙ্গে সেই রাজ্য বিবাদে বা যুদ্ধে লিপ্ত হতে পারবেন না, (৪) সেই রাজ্য কোম্পানীর অনুমোদন না নিয়ে কোনো বিদেশীকে থাকতে দিবে না। এই শর্তগুলির বিনিময়ে কোম্পানী উক্ত রাজ্যটিকে সবর্তোভাবে রক্ষা করবে।

এই চুক্তি প্রথম হায়দ্রাবাদের নিজাম গ্রহণ করেন।

10. Write a short note on the Doctrine of Lapse.

উত্তর : ঘোরতর সামাজ্যবাদী শাসক লর্ড ডালহৌসি 'স্বত্ববিলোপ নীতি' প্রবর্তন করেন। এই নীতির মূল কথা হল, কোম্পানী দ্বারা সৃষ্ট কোন দেশীয় রাজ্যের রাজার পুত্রসন্তান না থাকলে সেই রাজ্য কোম্পানী দখল করবে—কোনও উত্তরাধিকারী গ্রহণ চলবে না। ইংরেজ আশ্রিত রাজ্যগুলি সম্পর্কে বলা হয় যে তারা কোম্পানীর অনুমতি ছাড়া দত্তক গ্রহণ করতে পারবে না। এই নীতি অনুসারে, লর্ড ডালহৌসি মন্ডাভি, কোলবা ও জলাবুন, সুরাট, সাঁতরা, সম্বলপুর উদয়পুর, ঝাঁসি, নাগপুর প্রভৃতি রাজ্য ব্রিটিশ সামাজ্রাভুক্ত করেন।

11. Write a brief note on the Treaty of Lahore (1846).

উত্তর : প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধে শিখরা পরাজিত হয়ে ১৮৪৬ খ্রিষ্টাব্দে ইংরেজদের সাথে অপমানজনক লাহোরের চুক্তি স্বাক্ষর করতে বাধ্য হয়। এই চুক্তির শর্তানুসারে (১) বিপাসা ও শতদ্রু নদীর মধ্যবর্তী জলন্বর-দেয়াব ও শতদ্রু নদীর দক্ষিণের সমস্ত অঞ্চল ইংরেজরা লাভ করে, (২) যুদ্ধে ক্ষতিপূরণ বাবদ দেড় কোটি টাকা দেবার সামর্থ্য না থাকায় শিখরা কাশ্মীর রাজ্যটি ইংরেজদের ছেড়ে দিতে বাধ্য হয়, (৩) শিখ সৈন্যসংখ্যা হ্রাস করা হয় এবং (৪) লাহোরে একজন ইংরেজ রেসিডেন্ট রাখার ব্যবস্থা করা হয়।

12. Do you think that Utilitarianism influenced the British administration in India? If so how?

উত্তর : হিতবাদী দর্শন মানবিক এক বিশেষ চিন্তাধারার উপর ভিত্তি করে গড়ে উঠেছিল। এ দর্শন আদর্শ জনকল্যাণের নীতির উপর ভিত্তিশীল। এই নীতির উপর ভিত্তিশীল। এই নীতির প্রধানতম প্রবক্তা ছিলেন দার্শনিক বেন্থাম। তার উদ্দেশ্য ছিল জনগণের মঙ্গল সাধন করা। এ উদ্দেশ্যে সাধনের জন্য তিনি নানাবিধ সংস্কারের কথা বলেছেন। সরকার গঠনের জন্য তিনি গোপন ভোটের কথা বলেছেন। তিনি আইন প্রণয়নের মাধ্যমে নানাবিধ সংস্কারের কথা বলেছেন। তিনি আইন সংস্কার করে লিপিবদ্ধ করা এবং সেই সঙ্গে জনগণের জন্য সহজলভ্য বিচার ব্যবস্থার কথা বলেছেন। একইভাবে তিনি শিক্ষা ও কাব্য সংস্কারের কথা বলেছেন। বেন্থামের সুযোগ্য শিষ্য জেমস মিল এবং তার সুযোগ্য পুত্র জন স্টুয়াট মিলের মাধ্যমে ভারতের শাসনতান্ত্রিক বিভিন্ন ক্ষেত্রে এ নীতির প্রভাব বিশেষভাবে লক্ষ্য করা যায়।

13. Analyze the chief features of the Mahalwari settlement in U.P.

উত্তর : ১৮২২ খ্রীষ্টাব্দে উত্তরপ্রদেশে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানী 'মহালওয়ারি' নামক এক ধরনের ভূমি বন্দোবস্ত প্রবর্তন করেছিলেন। এই বন্দোবস্তের প্রধান বৈশিষ্ট্যগুলি হল—(১) কোম্পানী জমিদার অথবা কৃষক কারো সঙ্গে ভূমি বন্দোবস্ত না করে একটি গ্রামের সঙ্গে ভূমি রাজস্ব বন্দোবস্ত করে। সমস্ত গ্রামবাসী যৌথভাবে রাজস্ব প্রদানের দায়িত্বপ্রাপ্ত ছিল। (২) কোম্পানী গ্রামের উপরে যে রাজস্ব ধার্য করত তা গ্রামবাসীদের মধ্যে ভাগ করে দেওয়া হত। প্রতিটি গ্রামবাসী তার জমির পরিমাণ অনুসারে নির্দিষ্ট অর্থ গ্রাম প্রধানের হাতে জমা দিত। (৩) গ্রামবাসী রাজস্ব ঠিকমতো দিলে তাদের জমি হারানোর ভয় ছিল না। (৪) কোম্পানীর রাজস্ব অধিকারিকেরা গ্রাম-প্রধানের সঙ্গে পরামর্শ করে রাজস্ব নির্ধারণ করত। (৫) এই বন্দোবস্তের মেয়াদ ২০-৩০ বছর পর্যন্ত ছিল।

14. What, according to you, was the real motive behind the introduction of the permanent land revenue settlement in Bengal?

উত্তর : ১৭৯৩ খ্রীষ্টাব্দে লর্ড কর্ণওয়ালিস বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত নামক এক ভূমিরাজস্ব ব্যবস্থা প্রবর্তন করেন। বাংলার চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তনের পেছনে কোম্পানীর আসল উদ্দেশ্য ছিল—(১) এই ব্যবস্থা প্রবর্তনের ফলে কোম্পানী নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট হারে খাজনা পাবে এবং এর ফলে কোম্পানী তাদের আয় সম্পর্কে নিশ্চিত হতে পারবে, (২) জমিদাররা জমির স্থায়ী স্বত্ব পেলে তারা জমিতে বিনিয়োগ করবে। ফলে কোম্পানীর লাভ হবে। (৩) এই ব্যবস্থার মাধ্যমে দেশের অভ্যন্তরে রাজকীয় অনুগ্রহপুস্ট এক নতুন অভিজাত সম্প্রদায় গড়ে উঠবে, যারা ব্রিটিশ সরকারের প্রধান সমর্থক হিসাবে কাজ করবে।

15. What are differences in the basic charcteristics of the permanent settlement and Ryotwari Settlement?

উত্তর : ব্রিটিশ প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্ত ও রাওতয়ারী বন্দ্যোবস্তের মধ্যে পার্থক্য লক্ষ্য কর যায়। এই পার্থক্যগুলি নিম্নরূপ—(১) চিরস্থায়ী বন্দোবস্ত অনুযায়ী জমিদার বা মধ্যস্বত্ব ভোগীরা ছিল জমির মালিক, কিন্তু রাওতওয়ারী ব্যবস্থায় কোন জমিদার বা মধ্যস্বত্ব ভোগী ছিল না। (২) চিরস্থায়ী বন্দোবস্তে জমিদার বা মধ্যস্বত্বভোগীরা রায়তদের কাছ থেকে খাজনা আদায় করে সরকারকে বা উর্দ্ধতন কতৃপক্ষকে প্রাপ্য মিটিয়ে দিয়ে বাকিটা নিজেদের কাছে রাখত। কিন্তু রায়তওয়ারী ব্যবস্থায় সরকার ছিল জমিদার এবং সরকারের কর্মচারীরা খাজনা আদায় করত। (৩) চিরস্থায়ী বন্দোবস্তে জমিদার খেয়ালখুশী মতো খাজনার হার বৃদ্ধি করতে পারত। কিন্তু রায়তওয়ারী ব্যবস্থায় খাজনার হার বৃদ্ধি পেত ২০-৩০ বছর পর পর।

16. What does the notion 'forced commercialization' mean?

উত্তর : মুঘল আমলে ভারতে কিছু কিছু অঞ্চলে ইংরেজশাসন সুপ্রতিষ্ঠিত হওয়ার আগে দেশীয় কৃষকরা জমিতে ইচ্ছামতো ফসল উৎপাদন করত এবং সাধারণ ফসলের

মাধ্যমেই জমির খাজনা দিত। ভারতে ইংরেজ শাসন সুপ্রতিষ্ঠিত হওয়ার এবং চিরস্থায়ী বন্দোবস্তের পর থেকে কৃষি উৎপাদনের ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন ঘটে এবং দেশীয় কৃষকরা নিজেদের কৃষি উৎপাদনকে আন্তর্জাতিক বাণিজ্যের সাথে যুক্ত করে কৃষি উৎপাদনকে বানিজ্যিকরণের পথে নিয়ে যেতে বাধ্য হয়, যা 'কৃষির বাণিজ্যিকিকরণ' বা 'Force Commercialization' বলা হয়।

17. Write a brief note on Chuar Rebellion?

উত্তর : চুয়াড় বা চোয়ারেরা ছিল বাংলার মেদিনীপুর জেলার জঙ্গালমহলের অধিবাসী। চাষবাস ও পশুশিকারের সঙ্গে জড়িত থাকলেও যুদ্ধবিগ্রহ ছিল তাদের প্রধান পেশা। সাধারণত চুয়াড় সম্প্রদায়ের মানুষেরা মেদিনীপুর, বাঁকুড়া, সিংভূম, মানভূম ও ধলভুমের স্থানীয় জমিদারদের অধীনে রক্ষী বা পাইকের কাজ করত। পাইকের কাজ করার বিনিময়ে তারা যে জমি ভোগ করত তা পাইকান জমি নামে পরিচিত ছিল। কিন্তু কোম্পানীর শাসন স্থাপিত হলে দীর্ঘদিন ধরে চুয়াড়রা যেসব জমি ভোগদখল করেছিল তাদের উপর অতিরিক্ত করের বোঝা চাপিয়ে দেওয়া হয় এবং অকারণে তাদরে জীবন কেড়ে নেওয়া হয়। এর বিরুদ্ধে এই অঞ্চলের পাইক চুয়াড়গণ সমগ্র জঙ্গালমহল জুড়ে বিদ্রোহ করে। এই বিদ্রোহ প্রায় ৩০ বছর ধরে ১৭৬৯ খ্রিষ্টাব্দ থেকে ১৭৯৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত চলে। ১৭৬৯ খ্রিষ্টাব্দে ঘাটশিলার ধলভূমের রাজা জগন্নাথ সিংহ প্রথম ধল বিদ্রোহ ঘোষণা করেন। চুয়াড়রা এই বিদ্রোহে সক্রিয়ভাবে অংশ নিলেও শেষ পর্যন্ত ইংরেজ বাহিনীর কাছে পরাজিত হয়। অন্যদিকে ১৭৭১ খ্রীষ্টাব্দে ইংরেজ বাহিনীর কাছে পরাজিত হয়। অন্যদিকে ১৭৭১ খ্রীষ্টাব্দে ধাদকার শ্যামাগঞ্জন-এর নেতৃত্বে চুয়াড়রা বিদ্রোহ ঘোষণা করেও ব্যর্থ হয়। ১৭৯৮-৯৯ খ্রীষ্টাব্দে দুর্বল সিংহের নেতৃত্বে চুয়ার বিদ্রোহ সবচেয়ে ব্যাপক আকার ধারণ করেছিল, কিন্তু কোম্পানির সেনাদল নির্মম অত্যাচার করে এই বিদ্রোহ দমন করে।

18. What do you mean by the term 'De-industrialization'?

